


**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের ১০ম গ্রেডভুক্ত উপসহকারী প্রকৌশলী, তত্ত্বাবধায়ক পরিদর্শক, সহকারী হ্যাচারি কর্মকর্তা, সহকারী সম্প্রসারণ কর্মকর্তা পদসমূহের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

## বিজ্ঞপ্তি

স্মারক নম্বর : ৮০.০০.০০০০.১০৮.১১.০১৫.২০ (অংশ-৩.১)-১২৭

তারিখ : ০২ চৈত্র ১৪৩২ / ১৬ মার্চ ২০২৬

**বিষয় : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের ১০ম গ্রেডভুক্ত 'উপসহকারী প্রকৌশলী, তত্ত্বাবধায়ক পরিদর্শক, সহকারী হ্যাচারি কর্মকর্তা, সহকারী সম্প্রসারণ কর্মকর্তা' পদসমূহের লিখিত পরীক্ষার ফলাফল।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের ১০ম গ্রেডভুক্ত 'উপসহকারী প্রকৌশলী, তত্ত্বাবধায়ক পরিদর্শক, সহকারী হ্যাচারি কর্মকর্তা, সহকারী সম্প্রসারণ কর্মকর্তা' পদসমূহে (বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-১৯৮, ২০১, ২০২, ২০৩, তারিখ: ২৩.১২.২০২১) সরাসরি নিয়োগের লক্ষ্যে গত ০৮.০১.২০২৬ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষার সময়সূচি সংক্রান্ত ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখে প্রকাশিত ৮০.০০.০০০০.১০৮.১১.০১৫.২০ (অংশ-৩.১)-৬০১ নম্বর বিজ্ঞপ্তির ০১ নম্বর অনুচ্ছেদে নিম্নরূপ উল্লেখ ছিল :

**'কোনো প্রার্থী 'তত্ত্বাবধায়ক পরিদর্শক/সহকারী হ্যাচারি কর্মকর্তা/সহকারী সম্প্রসারণ কর্মকর্তা' এর একাধিক পদে আবেদন করে থাকলে, তিনি যে কোনো একটি পদের পরীক্ষায় অংশগ্রহণ করলে অন্য পদের পরীক্ষায়ও অংশগ্রহণ করেছেন মর্মে গণ্য হবেন।'**

০২. উল্লিখিত শর্ত মোতাবেক 'তত্ত্বাবধায়ক পরিদর্শক/সহকারী হ্যাচারি কর্মকর্তা/সহকারী সম্প্রসারণ কর্মকর্তা' পদের যে কোনো একটি পদে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করলেও অন্য পদে আবেদন করে থাকলে, তিনি ঐ পদেও উপস্থিত ছিলেন বিবেচনায় নিম্নে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীগণ সাময়িকভাবে (Provisionally) উত্তীর্ণ হয়েছেন :

**ক) 'উপসহকারী প্রকৌশলী' (১০ম গ্রেড) পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর :**
**000124 000187 000202 000326 000364 000377 000448 000499 000533 000545 000587 000733 000747 000843 000949 001145 001328 001395 001492 001500 400036 400077 500090 500096 700057 800044 800066 Total=27 জন।**

**খ) 'তত্ত্বাবধায়ক পরিদর্শক' (১০ম গ্রেড) পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর :**
**000086 Total=01 জন।**

**গ) 'সহকারী হ্যাচারি কর্মকর্তা' (১০ম গ্রেড) পদে লিখিত পরীক্ষায় কোনো প্রার্থী উত্তীর্ণ হয়নি।**

**ঘ) 'সহকারী সম্প্রসারণ কর্মকর্তা' (১০ম গ্রেড) পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর :**
**000006 000013 000021 000022 000064 000105 000121 000162 000178 000191 000224 000230 000241 000300 200021 200024 200034 200087 200093 200097 300081 300090 600042 Total = 23 জন।**

০২. **'উপসহকারী প্রকৌশলী/তত্ত্বাবধায়ক পরিদর্শক/সহকারী হ্যাচারি কর্মকর্তা/সহকারী সম্প্রসারণ কর্মকর্তা' ১০ম** গ্রেডভুক্ত পদসমূহের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মূল আবেদনপত্র BPSC Form-5A (Applicant's Copy) কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ আগামী **০১.০৪.২০২৬** তারিখ থেকে **২৩.০৪.২০২৬** তারিখ [প্রতি কর্মদিবসে সকাল **১০.০০** টা থেকে বিকাল **৪.০০** টা] পর্যন্ত পরিচালক [ইউনিট-৮] বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এর দপ্তরে সরাসরি অথবা ডাকযোগে জমা দিতে হবে :

ক) BPSC Form-5A (Applicant's Copy);
খ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি;

পৃ.উ.

গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;

ঘ) অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঙ) বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

চ) জাতীয় পরিচয়পত্রের [NID] সত্যায়িত কপি;

ছ) নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

জ) অনধিক ৩ মাস পূর্বে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি;

ঝ) আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঞ) মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র;

ট) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে বিপিএসসি কর্তৃক নির্ধারিত নমুনা অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঠ) সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ড) কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের (মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসন প্রদত্ত সনদ, শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সমাজসেবা কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্র, তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি [প্রযোজ্য ক্ষেত্রে] জমা দিতে হবে। কোটার ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত গত ২৩ জুলাই ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নম্বর প্রজ্ঞাপন/পরিপত্র প্রযোজ্য হবে।

০৩. **উল্লিখিত প্রতিটি ডকুমেন্ট এর উপর প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে এবং ডাকযোগে প্রেরিত আবেদনপত্র/কাগজপত্রাদি নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে না পাওয়া গেলে/জমাদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।**

০৪. প্রকাশিত ফলাফলে গুরুতর (Substantive) ত্রুটি কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

০৫. কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

০৬. মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি ও বিস্তারিত তথ্য পরবর্তীতে জাতীয় দৈনিক পত্রিকা এবং কমিশনের ওয়েবসাইটে [www.bpsc.gov.bd] যথাসময়ে প্রকাশ করা হবে।

২৫/০৩/২০২৬

(দিলাওয়েজ দুরদানা)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)